রেডিও পায়রা’র আয়োজনে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে কুইজ প্রতিযোগীতা

মেহেরপুরে শিক্ষার্থীদের জ্ঞানের বিকাশ ও মেধাচর্চার লক্ষে উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করার হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার জাড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের আনিশা গ্রুপের সার্বিক সহযোগীতায় ‘রেডিও পায়রা’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানীর সভাপতিত্বে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রেডিও পায়রার প্রধান নির্বাহী কর্মকর্তা সাজিদ আহমেদ।

প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানী এবং শিক্ষিকা মোছাঃ সিমি এর সার্বিক সহযোগীতায় কুইজ প্রতিযোগীতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এসময় প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানী বলেন রেডিও পায়রার এমন সুন্দর আয়োজন করার জন্য ধন্যাবাদ জানান। আবারো এমন আয়োজন করার জন্য রেডিও পায়রার চেয়ারম্যান এম এ এস ইমনকে আন্তরিকভাবে ধন্যবাদ জানায় এবং তার সার্বিক মঙ্গল কামনা করেন।

মেয়র কাপের উদ্বোধন করলেন সৌরভ গাঙ্গুলী

ঢাকা উত্তর সিটি করপোরেশন আয়োজিত ডিএনসিসি মেয়র কাপ টুর্নামেন্টের উদ্বোধন করলেন ভারতের সাবেক ক্রিকেট অধিনায়ক ও ভারতীয় ক্রিকেট বোর্ডের সাবেক সভাপতি সৌরভ গাঙ্গুলী।

বৃহস্পতিবার রাজধানীর গুলশানে ওয়েস্টিন হোটেলে মেয়র কাপের উদ্বোধন করেন তিনি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম।

মার্চের প্রথম সপ্তাহে শুরু হবে এই মেয়র কাপ। টুর্নামেন্টে থাকবে ক্রিকেট, ফুটবল ও ভলিবল ডিসিপ্লিন।

ভারতীয় ক্রিকেটের সাবেক অধিনায়ক ও বিদায়ী বোর্ডপ্রধান সৌরভ গাঙ্গুলী বৃহস্পতিবার বিকাল ৩টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পা রাখেন। নির্ধারিত সূচি অনুযায়ী সকালেই ঢাকায় নামার কথা ছিল তার। ফ্লাইট জটিলতায় দেরি হয়েছে।

ঢাকা উত্তর সিটি করপোরেশন মেয়র কাপের উদ্বোধন করতেই বাংলাদেশে এসেছেন ‘প্রিন্স অব কলকাতা’। বিকাল পৌনে ৪টায় মেয়র কাপ উদ্বোধনের ভেন্যু হোটেল ওয়েস্টিনে প্রবেশ করেন তিনি।

সন্ধ্যা সাড়ে ৭টায় রাজধানীর ইন্টার কন্টিনেন্টাল হোটেলে আইসিআইসিআই ব্যাংকের এক অনুষ্ঠানে যোগ দেওয়ার কথা রয়েছে সৌরভের।

সৌরভকে দিয়ে মেয়র কাপের উদ্বোধন করানোকে বড় চমক বলছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আতিকুল ইসলাম। সম্প্রতি এক সংবাদ সম্মেলনে আতিক জানিয়েছেন, আমি সৌরভ গাঙ্গুলীকে ধন্যবাদ জানাতে চাই, কারণ উনি মেয়র কাপের উদ্বোধনী অনুষ্ঠানে আসার জন্য কোনো টাকা নেননি।

আমি তাকে বলেছি, এই মেয়র কাপ মাদকের বিরুদ্ধে, ভবিষ্যৎ প্রজন্মকে বার্তা দেওয়ার জন্য আয়োজন করছি। মাদকমুক্ত দেশ গড়তে খেলাধুলার বিকল্প নেই। আমাদের বাচ্চাদের খেলাধুলায় উৎসাহ দেওয়ার জন্য, মাদককে না বলার জন্যই এই প্রতিযোগিতা। তিনি বিষয়টি খুব পছন্দ করেছেন।

গাংনীতে ৪৮০ গ্রাম গাঁজাসহ দুইজনকে আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চেংগারা (ডাক্তারপাড়া) এলাকায় অভিযান চালিয়ে ৪৮০ গ্রাম গাঁজাসহ দুই আসামীকে আটক করেছে র্যাব।

গতকাল বুধবার রাত ১১ টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুকের নেতৃত্বে

এ সময় তাদের নিকট থেকে মাদক ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ০২টি মোবাইল এবং নগদ ৪২০০/- (চার হাজার দুইশত) টাকা জব্দ করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন চেংগারা ডাক্তারপাড়ার মৃত নজরুল ইসলামের ছেলে মো: আলমগীর(৩২) এবং একই এলাকার মো: মহাব্বত আলীর ছেলে মো: আরিফুল ইসলাম (২২)। এসময় তাদের কাছে থেকে ২টি মোবাইলসহ নগদ ৪২০০ টাকা উদ্ধার করা হয়।

র্যাব জানায়, মাদক ব্যবসায়ীদ্বয় দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট ক্রয় বিক্রয় করে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদের গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরতে তৃণমূলে ইমনের বুকলেট

বিতরণ অব্যহত

বর্তমান সরকারের উন্নয়ন মূলক চিত্র তুলে ধরতে মেহেরপুরের বিভিন্ন গ্রামে গ্রামে তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমনের বুকলেট বিতরণ অব্যহত রয়েছে।

তারই অংশ হিসেবে আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ও বারাদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বেলাল হোসেনের নেতৃত্বে এম এ এস ইমনের অনুসারীরা আমঝুপি ইউনিয়নের আমঝুপি, ময়ামারি, চাঁদবিল, খোকশা ও কোলা এবং বারাদি ইউনিয়নের বারাদি, রাজনগর, মোমিনপুর, সিংহাটি ও বশিবাড়িয়া গ্রামে এ বুকলেট বিতরণ করেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে শিশির অরুপ, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন বলেন, শেখ হাসিনার সরকারের সাফল্যগুলো প্রতিদিনই আমরা মেহেরপুরের বিভিন্ন গ্রামে সাবেক ছাত্রনেতা এম এ এস ইমনের তৈরি করা এই বুকলেটগুলো বিতরণ করছি। আমরা এই বুকলেচগুলো গ্রামের সাধারণ মানুষের কাছে তুলে ধরছি আগামী জাতীয় নির্বাচনে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা প্রচার কাজ চালিয়ে যাচ্ছি। বিরোধী শক্তি যাতে মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে লক্ষ্যে আমরা প্রতিনিয়ত বুকলেট বিতরণ ও প্রচার কাজ চালিয়ে যাচ্ছি।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস

ও আস্থা রাখতে পারবে।

আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ উদ্দীন বলেন, গত ১৪ বছরে বর্তমান সরকার বাংলাদেশে অনেক বড় বড় উন্নয়নমূলক কাজ করেছে। সে উন্নয়ন মূলক কাজগুলো বিস্তারিত ভাবে এ বুকলেটে তুলে ধরা হয়েছে। শেখ হাসিনা সরকার বয়স্কভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা বাড়িয়েছেন এই সরকার।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মেহেরপুর শহর, মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে বুকলেট বিতরণ করা হয়েছে।

চ্যাটজিপিটির মতো ভার্চ্যুয়াল সহকারী থাকবে মানুষের

ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবের (ডব্লিউডব্লিউডব্লিউ) জনক স্যার টিম বার্নার্স লি বলেছেন, অদূর ভবিষ্যতে চ্যাটজিপিটির কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবটের মতো নিজস্ব এআই সহকারী থাকবে মানুষের। ফলে দৈনন্দিন সব কাজে ভার্চ্যুয়াল সহকারীর সহায়তা নেওয়া যাবে। যুক্তরাষ্ট্রের টেলিভিশন চ্যানেল সিএনবিসির এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

বর্তমানে স্টার্টআপ প্রতিষ্ঠান ইনরাপ্টের সহপ্রতিষ্ঠাতা টিম বার্নার্স লি জানান, ব্যবহারকারীদের সব তথ্য অনলাইনে সংরক্ষণ করতে কাজ করছে ইনরাপ্ট। প্রতিষ্ঠানটির লক্ষ্য, ইন্টারনেট ব্যবহারকারীদের খুঁটিনাটি তথ্যের সমন্বয়ে অনলাইনে তথ্যভান্ডার তৈরি করা। তথ্যভান্ডারের তথ্যগুলো কাজে লাগিয়ে ব্যবহারকারীকে প্রযুক্তিসেবা দিতে পারবে ওয়েবসাইটসহ বিভিন্ন প্রতিষ্ঠান। অনলাইন তথ্যভান্ডার তৈরির কাজ শেষ হলে চ্যাটজিপিটির মতো কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত (এআই) চ্যাটবটগুলো ব্যবহারকারীদের বিভিন্ন তথ্য কাজে লাগিয়ে ব্যক্তিগত সহকারীর মতো বিভিন্ন কাজে সহায়তা করতে পারবে।

টিম বার্নার্স লির তথ্যমতে, তথ্যভান্ডার তৈরির পর এতে ‘চার্লি’ নামের কৃত্রিম বুদ্ধিমত্তাচালিত চ্যাটবট যুক্ত করা হবে। ভার্চ্যুয়াল সহকারীর মতো ব্যবহারকারীদের দৈনন্দিন বিভিন্ন কাজে সহায়তা করবে এই চ্যাটবট। অ্যামাজনের ভার্চ্যুয়াল সহকারী অ্যালেক্সা এবং অ্যাপলের সিরির তুলনায় ভালো ব্যক্তিগত সহকারী হবে এই চ্যাটবট।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

কুষ্টিয়ায় অস্ত্রসহ ২ যুবক আটক

কুষ্টিয়ার খোকসায় প্রশান্ত শিকদার নামে এক ব্যক্তিকে অস্ত্রের মুখে জিম্মিকরে তাঁর মোটরসাইকেল ছিনতাইকালে দুই যুবককে আটক করে পুলিশে সোপর্দ করেছে জনতা। গতকাল বুধবার রাতে উপজেলার জানিপুর ইউনিয়নের নাগড়পাড়া চরের শিব মন্দিরের কাছে এ ঘটনা ঘটে। এ সময় আটকদের কাছ থেকে একটি দেশীয় পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি ধারালো ছুরি উদ্ধার করা হয়েছে।

আটক দুই যুবক হলেন-খোকসার গোপগ্রাম ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের হাসান (২৮) ও একই ইউনিয়নের বড়ইচারা গ্রামের সজিব মোল্লা (৩০)।

ভুক্তভোগী প্রশান্ত শিকদার জানান, গতকাল রাত সাড়ে ১০টার দিকে শিব মন্দির থেকে ফেরার সময় ৫ / ৬ জন ব্যক্তি তাকে অস্ত্রের মুখে জিম্মি করে তার মোটরসাইকেলটি ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। এ সময় তার চিৎকারে এলাকাবাসী এগিয়ে আসলে ছিনতাইকারীরা পালিয়ে যাওয়ার চেষ্টা করেন।

স্থানীয়রা এ সময় দুজনকে ধরলেও বাকিরা পালিয়ে যান। আটক দুজনের শরীরে তল্লাশি করে কোমরে গোঁজা একটি দেশি তৈরি পিস্তল, দুই রাউন্ড গুলি ও একটি সেভেন গিয়ার চাকু উদ্ধার করা হয়। পরে গণপিটুনি দিয়ে দুজনকে খোকসা থানার পুলিশের কাছে সোপর্দ করে স্থানীয়রা।

খোকসা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আশিকুর রহমান

বলেন, ‘মোটরসাইকেল ছিনতাইয়ের সময় অস্ত্রসহ দুজনকে আটক করে স্থানীয়রা পুলিশে সোপর্দ করেছে। আটকদের জিজ্ঞাসাবাদে পালিয়ে যাওয়া ব্যক্তিদের পরিচয় জানা গেছে।’

ওসি আরও বলেন, ‘আটক আসামিদের বিরুদ্ধে থানায় মামলা হয়েছে এবং তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।’ আটক দুজনের মধ্যে হাসানের বিরুদ্ধে বিস্ফোরক আইনে মামলা রয়েছে বলে জানান তিনি।

১৯ বছর পরে অপি করিম!

বাংলাদেশ ও কলকাতায় আগামী ২৪ ফেব্রুয়ারি একসঙ্গে মুক্তি পাচ্ছে যৌথ প্রযোজনায় নির্মিত সিনেমা ‘মায়ার জঞ্জাল’। এরই মধ্যে সিনেমাটি নিয়ে দুই বাংলায় দারুণ কৌতুহল তৈরি করেছে।

‘ফড়িং’ খ্যাত ইন্দ্রনীল রায় চৌধুরী পরিচালিত ‘মায়ার জঞ্জাল’ সিনেমার মাধ্যমে ১৯ বছর পর আবারও বড় পর্দায় হাজির হচ্ছেন অভিনেত্রী অপি করিম। তার বিপরীতে আছেন ওপার বাংলার অভিনেতা ঋত্বিক চক্রবর্তী।

তারকাদের ‘গোপনীয়তা’ নিয়ে যা বললেন নুসরাত-পাওলিতারকাদের ‘গোপনীয়তা’ নিয়ে যা বললেন নুসরাত-পাওলি গত ২০ ফেব্রুয়ারি ঢাকার সনি স্কয়ারে স্টার সিনেপ্লেক্সে সিনেমাটির বিশেষ প্রদর্শনীতে অংশ নিতে ঢাকায় এসেছিলেন তিনি। অতিথি তালিকায় দেশের বিভিন্ন অঙ্গনের তারকারা ছিলেন।

উল্লেখ্য, ১৯ বছর পর আবারও রুপালি পর্দায় নিজেকে দেখতে মুখিয়ে আছেন জনপ্রিয় এই তারকা। ইন্দ্রনীল রায়চৌধুরী ও ঋত্বিক চক্রবর্তীর সম্মিলন এবং দারুণ গল্প ও চরিত্রের জন্য ‘মায়ার জঞ্জাল’ দিয়ে চলচ্চিত্রে প্রত্যাবর্তন করতে যাচ্ছেন অপি করিম। এতে তার চরিত্রের নাম সোমা।

সূত্র: ইত্তেফাক

ভারতে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

ভারতের ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনস্থ মুজিবনগর বিওপির প্রতিপক্ষ ৮২ বিএসএফ ব্যাটালিয়নের ব্রহ্মনগর ক্যাম্পে বিজিবি-বিএসএফ প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

এ প্রীতি ম্যাচে বিএসএফ রানারআপ এবং বিজিবি চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

উক্ত প্রতিযোগিতায় বিজিবি’র পক্ষে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল এমারাত হোসেন, পিবিজিএম এবং বিএসএফ এর পক্ষে উপস্থিত ছিলেন ইন্সপেক্টর জেনারেল ডঃ অতুল ফুলজেলে, আইপিএসসহ বিজিবি-বিএসএফ এর অন্যান্য অফিসার, উভয় দেশের খেলোয়াড় এবং অন্যান্য সৈনিকবৃন্দ।

দর্শনায় কেরুজ ব্যারাকে পুলিশের মাদক বিরোধী অভিযানে তিন শ্রমিকের কারাদন্ড

দর্শনা কেরুজ ষ্ট্যাফ কোয়ার্টারে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানা পুলিশ। গতকাল বুধবার রাত সাড়ে ৮টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই সোহেল ও এ এস আই বশির সহ সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন

কেরুজ ষ্ট্যাফ কোয়ার্টারের একটি কক্ষে।

এ অভিযানে কোয়ার্টারের একটি কক্ষে বসে মদ ও গাঁজা সেবনের অপরাধে ৩ জনকে আটক সহ মাদক সেবনকারীদের নিকট থাকা মাদকদ্রব্য মদ ও গাঁজা সেবনের সরঞ্জাম উদ্ধার করা হয়।

এরপর ঘটনাস্থলে বসানো হয় ভ্রাম্যমান আদালত। এ আটক ব্যাক্তিদের ভ্রাম্যমান আদালতে ২০১৮ সালের মাদকদ্রব্য আইনে ৩৬/১ ধারায় স্বরনীয় ৫ ধারা মোতাবেক প্রত্যেককে ১৫ দিনের কারাদন্ড ও ১ শত টাকা করে জরিমানা করা হয়।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা এবং রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস। দন্ডপ্রাপ্তরা হলেন দর্শনা আনোয়ারপুরের রুহুল আমিনের ছেলে আশরাফ আলী (৪০), কেরুজ হাসপাতাল পাড়ার সবেদ খাঁর ছেলে সুজন (৩৫) ও কেরুজ পিও কোয়ার্টারের আব্দুর রহমানের ছেলে মাইনউদ্দিন লিটন (৪৫)।

পরে মাদক সেবনকারীদের নিকট হতে উদ্ধার হওয়া মদ ও গাঁজা সহ মাদক সেবনের সরোঞ্জাম ঘটনাস্থলেই আগুণে পুড়িয়ে ধ্বংশ করা হয়। সেই সাথে কারাদন্ডপ্রাপ্ত সকল আসামীকে পাঠানো হয় চুয়াডাঙ্গা জেলা কারাগারে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক অভিযানে মাদকসহ আটক-৪

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পৃথক,পৃথক অভিযান পরিচালনা করে মাদক উদ্ধার সহ ৪ মাদক ব্যাবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যাবসায়ীদের ভ্রাম্যমান আদালতে বিভিন্ন মেয়াদে কারাদন্ড দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক

আব্দুল্লাহ আল মামুন জানান, গতকাল বুধবার সকাল হতে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীম ভুইয়া ও জেলা বিজ্ঞ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে পৃথক,পৃথক স্থানে অভিযান পরিচালনা করা হয়।

এ অভিযানে দুপুর সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়ার নের্তৃত্বে চুয়াডাঙ্গা সদর থানাধীন সাতগাড়ি নিজ দলীয় খেজুর বাগানে অভিযান চালিয়ে ২০ লিটার তাড়ি উদ্ধার সহ গ্রেপ্তার করা হয় সাতগাড়ি গ্রামের পুরাতন পাড়ার মৃত ভোলা বিশ্বাসের ছেলে রওশন আলী বিশ্বাসকে (৫৫)।

এসময় ঘটনাস্থলেই ভ্রাম্যমান আদালত বসিয়ে তাড়ি সহ আটক ব্যাক্তিকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এরপর দুপুর দেড়টার দিকে একই অভিযানিক দল সাতগাড়ি নিজ দলীয় খেজুর বাগান হতে ৩০ লিটার তাড়ি সহ সাতগাড়ি গ্রামের পুরাতন পাড়ার আকছেদ আলী মন্ডলের ছেলে মো:জিনারুল মন্ডলকে (৪০) আটক করা হয়। আটককৃতর বিরুদ্ধে ঘটনাস্থলে ভ্রাম্যমান আদালত বসিয়ে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০ টাকা অর্থদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।
এ দুটি ভ্রাম্যান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ শামীম ভুইয়া। একইদিন বিকাল ৩ টার দিকে চুয়াডাঙ্গা বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে জেলার দামুড়হুদা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে দামুড়হুদার কার্পাসডাঙ্গার ভূমিহীন পাড়ার মৃত লিয়াকত আলীর ছেলে আসমান আলীর নিজ বসতঘর হইতে ৪১০ গ্রাম গাঁজা সহ গ্রেপ্তার করা হয় আসমান আলীকে (৪০)। ঘটনা স্থলে আটককৃত আসামীকে ভ্রাম্যমান আদালতে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১০০ টাকা অর্থদন্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন আদালতের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার মোঃ সাদাত হোসেন। সর্বশেষ বিকাল ৫ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভাগীয় স্টাফদের সমন্বয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মাঠপাড়ায়।

এসময় মাঠপাড়ার হারুন-অর-রশিদের ছেলে সজীব মোল্লার বাড়ির বসত ঘরে অভিযান পরিচালনা করে ৩ বোতল আমদানী নিষিদ্ধ ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেন। এসময় মাদক উদ্ধার সহ আটক করা হয় মাদক ব্যাবসায়ী সজীব মোল্লাকে (২২)।

পরে আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দামুড়হুদা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়।